# ডাক্তারদের পছন্দ অনুযায়ী বদলি করা হবে: স্বাস্থ্যমন্ত্রী



সংগৃহীত ছবি

স্বাস্থ্যখাতে সেবা আরও কার্যকর ও ধারাবাহিক করতে চিকিৎসকদের পছন্দের স্থানে পদায়নের উদ্যোগ নেওয়া হবে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী সরদার সাখাওয়াত হোসেন বকুল। তিনি বলেন, মাঠপর্যায়ে তদারকি জোরদার করতে সিভিল সার্জনদের কেবল দপ্তরে বসে না থেকে নিয়মিত পরিদর্শনে যেতে হবে।

শুক্রবার (২৭ ফেব্রুয়ারি) দুপুরে মনোহরদী উপজেলা-এ সরকারি কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন।

মন্ত্রী জানান, চিকিৎসকসহ সংশ্লিষ্ট সবাইকে সময়মতো কর্মস্থলে উপস্থিত থাকতে হবে। স্বাস্থ্যখাতে যে সব পদ দীর্ঘদিন খালি রয়েছে, সেগুলো দ্রুত পূরণে পদক্ষেপ নেওয়া হচ্ছে। প্রয়োজন অনুযায়ী জনবল বণ্টন করে কমিউনিটি ক্লিনিকগুলো সচল রাখা হবে, যাতে মায়েরা ও সাধারণ মানুষ প্রাথমিক সেবা সেখান থেকেই নিতে পারেন।

তিনি আরও বলেন, যেসব হাসপাতাল জনবল ও প্রয়োজনীয় যন্ত্রপাতির অভাবে কার্যক্রম চালাতে পারছে না, সেগুলো পুনরায় সচল করতে ইতোমধ্যে উদ্যোগ নেওয়া হয়েছে।

সভায় উপজেলা নির্বাহী কর্মকর্তা এম.এ. মুহাইমিন আল জিহান, সহকারী কমিশনার (ভূমি) সজিব মিয়া, উপজেলা বিএনপির সদস্য সচিব আমিনুর রহমান সরকার দোলন, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

LENS ASIA